

সেপ্টেম্বর/২১ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখ : ২০.০৯.২০২১ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকায়

সভাপতি : মোছাঃ সাকিলা বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।

উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটি সভাকরণ সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটি
২.	আলোচনা: মাতৃত্বকালীন ভাতার তালিকা অনুমোদন সিদ্ধান্ত : বিভিন্ন ইউনিয়ন হতে প্রাপ্ত মাতৃত্বকালীন ভাতার তালিকা অনুমোদন ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটি
৩.	আলোচনা: মাতৃত্বকালীন ভাতা ব্যাংক হিসাবের অনুকূলে প্রদান সিদ্ধান্ত: উপজেলা আওতাধীন মাতৃত্বকালীন ভাতার তালিকা সংশ্লিষ্ট ব্যাংক হিসেবে প্রেরণ করা হয়েছে। ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সভাপতি


উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।

তারিখ : ২০.০৯.২০২১ খ্রি.


২০.০৯.২১
সদস্য সচিব

উপজেলা পরিষদ মহিলা ও শিশু বিষয়ক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।